গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরী কার্য
বাংলাদেশ বেতার(বাস্তবায়ন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

সংখ্যা : ১৫.৫৩.০০০০.৩০১.২০.০০৮.১৭.২০৭ তারিখ : ২০/০৫/২০১৯

বিষয়: অভ্যন্তরীন ক্রয় ও মেরামত কাজের জন্য স্থানীয় সরবরাহকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠান নতুন ভাবে তালিকাভূক্তিকণ এবং বিদ্যমান (পুরনো) ঠিকাদারগণের নবায়নের বিজ্ঞপ্তি।

বাংলাদেশ বেতার, ঢাকার উন্নয়ন প্রকল্পের উন্নয়ন খাত এবং সংরক্ষণ অনুবিভাগ সহ বাংলাদেশ বেতরেরঅন্যান্য কেন্দ্রে অনুন্নয়ন খাতের আওতাধীন সাধারণ সরবরাহ,পূর্ত এবং বৈদ্যুতিক মেরামত ও সংরক্ষণ কাজ সম্পাদনের নিমিত্তে ২০১৯-২০ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত ব্যবসায়ী সরবরাহকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠনের নিকট থেকে নিধারিত ফরমে তালিকাভূক্তির আবেদন আহবান করা যাচ্ছে :

(ক) আগ্রহী প্রতিষ্ঠানসমূহ মহাপরিচালক,বাংলাদেশ বেতারের অনুকুলে ১/৩৩৫১/০০০০/২৩৬৬ হিসাব খাতে ট্রেজারী চালানের মাধ্যমে নতুন প্রতিষ্ঠান ১০০০/-(এক হাজার) টাকা এবং বিদ্যমান(পুরনো) প্রতিষ্ঠান ৫০০/-(পাঁচশত)টাকা (অফেরৎযোগ্য) জমা দিয়ে অফিস চলাকালীন সময়ে কারিগরী কার্য, বাংলাদেশ বেতার,শেরেবাংলা নগর,আগারগাঁও,ঢাকা হিসাব রক্ষণ অফিসার এর নিকট হতে তালিকাভূক্তির তফসিল/আবেদন সংগ্রহ করা যাবে।

(খ) তফসিল /আবেদনপত্র ফরম আগামী ২৩/৬/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে এবং ২৪/৬/২০১৯খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের হিসাব রক্ষণ অফিসরের কক্ষে আবেদন ফরম জমা দেওয়া যাবে।

(গ) একই আবেদন ফরমে আবেদনকারী প্রতিষ্ঠান এক বা একাধিক কাজের তালিকাভূক্তি জন্য আবেদন করতে পারবেন।

(ঘ) আবেদন পত্র সমূহ পরিক্ষা নিরিক্ষা পর মনোনীত নতুন ঠিকাদার প্রতিষ্ঠানসমূহকে তালিকাভূক্তি ফি বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা (অফেরৎতযোগ্য) চালানের মাধ্যমে জমা দিতে হবে এবং জামানত হিসেবে যে কোন তফসিল ব্যাংক হতে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার (ফেরৎযোগ্য) মহাপরিচালক বাংলাদেশ বেতারের অনুকুলে জমা দিতে হবে। তাছাড়া মনোনিত বিদ্যমান (পুরনো) ঠিকাদারগণকে নবায়ন ফি বাবদ শুধুমাত্র ২,০০০/-(দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) চালানে জমা দিতে হবে ।

(ঙ) তালিকাভূক্তি তফসিলে /আবেদন শর্তাবলী বিশদভাবে বর্ণিত আছে।

২০/৫/২০১৯

(আবু তবিব মো: জিয়া হাসান)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
ফোন: ৪৪৮১৩০১২